

প্রথম আঙ্গা, ২০ ফেব্রুয়ারী, ২০২১ খ্রিঃ।

F-mail: hm@hmm.gov.bd

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়

হিসাব ভবন

সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

www.cga.gov.bd



স্মারক নম্বর : ০৭.০৩.০০০০.০০৩.৮১.৪৫৭.১৯.৪৩

তারিখঃ ০৯/০২/২০২১ খ্রিঃ

### বিষয় : পেনশনারদের পেনশন EFT এর আওতায় আনয়নের জন্য শনিবার অফিস খোলা রাখা প্রসঙ্গে।

মুজিব শতবর্ষে ১৬ মার্চ, ২০২১ তারিখের মধ্যে সকল বেসামরিক সম্মানিত পেনশনারদের (প্রতিরক্ষা, রেলওয়ে বিভাগ, বিটিসিএল ও ডাক বিভাগের পেনশনার ব্যতীত) পেনশন Electronic Fund Transfer (EFT) এর মাধ্যমে সরাসরি তাঁদের ব্যাংক হিসাবে প্রদানের লক্ষ্যে কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। সে মোতাবেক, সম্মানিত পেনশনারদেরকে অধিকতর সেবা প্রদানের জন্য সকল বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক অফিস, ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিস এবং উপজেলা হিসাবরক্ষণ অফিসসমূহ ১৬ মার্চ, ২০২১ তারিখ পর্যন্ত প্রতি শনিবার খোলা রাখা হবে।

সম্মানিত পেনশনারদেরকে EFT এর মাধ্যমে পেনশন পাওয়ার জন্য (১) পূরণকৃত ইএফটি ফরম (২) জাতীয় পরিচয়পত্রের কপি (৩) নিজ ব্যাংক হিসাবের MICR চেক বই এর কভার পৃষ্ঠার ফটোকপি এবং (৪) মূল পিপিও বইসহ সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসে দাখিল করার জন্য অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য যে, ইএফটি'র মাধ্যমে পেনশন প্রাপ্তি সংক্রান্ত তথ্য সেবাসমূহ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়, পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট-এর ওয়েবসাইটে (www.cafopfm.gov.bd) পাওয়া যাচ্ছে।

স্বাক্ষরিত/-

(মোঃ নূরুল ইসলাম)

হিসাব মহানিয়ন্ত্রক

হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়

হিসাব ভবন

সেগুনবাগিচা, ঢাকা-১০০০।